



Consulate General of the
People's Republic of Bangladesh
Sydney

প্রেস বিজ্ঞপ্তি

সিডনীস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন।

১৭ই মার্চ ২০২১ সিডনী

১৭ই মার্চ বাংলাদেশ জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটি সূচনা হয়। এসময় কনস্যুলেটের কর্মকর্তাগণের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করেন কনসাল জেনারেল খন্দকার মাসুদুল আলম।

সন্ধ্যায় কনস্যুলেট ভবনে স্থানীয় অভিবাসী বাংলাদেশি, কমিউনিটির সদস্যবৃন্দ এবং কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণে এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে সূচিত অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে বাণী পাঠ করা হয়। এরপর জাতির জনক ও তাঁর পরিবারের শহীদ সদস্য, বাংলাদেশের স্বাধীনতা অর্জনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণকারী ও শাহাদাত বরণকারী সকল মুক্তিযোদ্ধার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় মহান আল্লাহর রহমত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। তাৎপর্যপূর্ণ এ দিবসে জাতীয় নেতৃবৃন্দ কর্তৃক প্রদত্ত বাণীসমূহ উপস্থিত সুধী ও অতিথিবৃন্দকে পাঠ করে শোনানো হয়।

অনুষ্ঠানে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে জাতির জনকের একচ্ছত্র নেতৃত্বের বিভিন্ন দিক তুলে ধরে কনসাল জেনারেল খন্দকার মাসুদুল আলম তার স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। জাতির জনকের বর্ণাঢ্য কর্মজীবনের উপর আলোকপাত করতে গিয়ে কনসাল জেনারেল বলেন বঙ্গবন্ধুর অবদান কেবলমাত্র স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দানের মধ্যেই সীমাবদ্ধ ছিল না বরং তিনি তাঁর পুরো জীবনব্যাপী দেশকে ও দেশের মানুষকে ভালবেসে অপারিসীম কষ্ট ও ত্যাগ তিতিক্ষার মাধ্যমে অভূতপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছেন

যা পুরো জাতির জন্য আজীবন অনুকরণীয় হয়ে থাকবে তিনি আরো বলেন সাম্প্রতিক সময়ে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সফল নেতৃত্বের মাধ্যমে বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করতে সক্ষম হয়েছেন। এ উন্নয়নের পেছনেও রয়েছে জাতির জনকের দূরদর্শী নেতৃত্বে স্বাধীনতা অর্জন ও দেশ পরিচালনায় তাঁর সঠিক দিক নির্দেশনা ও প্রণীত রূপরেখা। এছাড়াও পরবর্তী প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ ও বর্ণাঢ্য কর্মজীবন ব্যক্তিজীবনে ধারণ করার ওপরও গুরুত্বারোপ করেন তিনি।

Suite 2, Level 1, 139 Kent Street, Sydney, NSW 2000

Tel.: +61-2-8326 9777 Fax: +61-2-8080 8174

mission.sydney@mofa.gov.bd, www.cgbdsydney.gov.bd



*Consulate General of the
People's Republic of Bangladesh
Sydney*

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে শিশু-কিশোরদের হৃদয়ে দেশ ও জাতির সংস্কৃতি সম্পর্কে মৌলিক ধারণা গড়ে তোলার লক্ষ্যে অনুষ্ঠানের শেষ পর্বে শিশু-কিশোরদের অংশগ্রহণে আয়োজন করা হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের। সাংস্কৃতিক অনুষ্ঠানে শিশু-কিশোর শিল্পীবৃন্দ বাংলা ছড়া, গান, কবিতা, নাচ ও সম্মিলিত বাদ্যযন্ত্র পরিবেশনা করে। তাদের দৃষ্টিনন্দন পরিবেশনা উপস্থিত দর্শকদের মুগ্ধ করে। কনসুলেটের কর্মকর্তা-কর্মচারীগণও এতে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শেষাংশে কনসাল জেনারেল উপস্থিত শিশু-কিশোরদের নিয়ে কেক কাটেন এবং সাংস্কৃতিক পর্বে অংশগ্রহণকারী শিশু-কিশোরদের মাঝে পুরস্কার বিতরণ করেন।